দৈনিক বাংলা
33
তারিখ ... ... 04 JUL 1989
পৃষ্ঠা ... ... 1 কলাম ... 3 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# আলিয়া মাদ্রাসা থেকে আড়াই বস্তা নকল উদ্ধার

॥ স্টাফ রিপোর্টার ॥

আলীয়া মাদ্রাসায় আলিম-ফাজিল-কামিল পরীক্ষা কেন্দ্র থেকে নকল উদ্ধারের ফলে এক দল উত্তেজিত ছাত্র নামধারী তরুণ গতকাল বকসীবাজার বদরুন্নেসা

(৩-এর পৃঃ দ্রঃ)

## আলিয়া মাদ্রাসা

(১ম পৃঃ পর)

মহিলা কলেজের কাছে একটি গাড়িতে অগ্নি সংযোগ করেছে। কতিপয় পরীক্ষার্থী মাদ্রাসার প্রধান মুহাদ্দিসকে শারীরিকভাবেও লাঞ্ছিত করেছে।

লালবাগ থানা সূত্রে জানা যায়, শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা পরীক্ষার হল পরিদর্শনে গিয়ে পরীক্ষার্থীদের কাছ থেকে আড়াই বস্তা নকল উদ্ধার করেন। এতে এক শ্রেণীর পরীক্ষার্থীর মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। তারা বাইরে এসে বদরুন্নেসা মহিলা কলেজের কাছে রাখা উক্ত কর্মকর্তার গাড়িতে আগুন লাগিয়ে দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্যে পুলিশের হস্তক্ষেপ প্রয়োজন হয়। তবে কাউকে গ্রেফতার করা হয়নি বলে থানা জানিয়েছে।

প্রধান মুহাদ্দিস নিগৃহীত হওয়া সম্পর্কে মাদ্রাসা কর্তৃপক্ষের কাছ থেকে কিছু জানা যায়নি। তবে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের নেতা আ স ম আবদুল ফাত্তাহ ও আবদুস সবুর এবং বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ-এর নেতা আবুল কালাম আজাদ দুটি পৃথক বিবৃতিতে প্রধান মুহাদ্দিসের উপর হামলার নিন্দা করেছেন।